# এইচ এস সি পরীক্ষা ২০২০ এর মডেল প্রশ্ন (সকল বোর্ড এর জন্য)

## উৎপাদন ব্যবস্থাপনা ও বিপণন: প্রথম পত্র

বিষয় কোড : ২ ৮ ৬

সময়— ২ ঘণ্টা ৩০ মিনিট | সৃজনশীল প্রশ্ন | পূর্ণমান— ৭০

*[দ্রষ্টব্য : ডান পাশের সংখ্যা প্রশ্নের পূর্ণমান জ্ঞাপক। প্রদত্ত উদ্দীপকগুলো মনোযোগ দিয়ে পড়ো এবং সংশ্লিষ্ট প্রশ্নগুলোর যথাযথ উত্তর দাও। মোট সাতটি প্রশ্নের উত্তর দাও।]*

**১.** ▶ মিসেস সাবিনা হক চট্টগ্রামে সাবিনাস কেয়ার নামে একটি বিউটি পার্লার পরিচালনা করেন। আগে নিজে তত্ত্বাবধান করলেও এখন মিসেস সাবিনা হক তা পারছেন না। ইদানীং তার ব্যবসায়ে খুব একটা মুনাফা হচ্ছে না। তিনি একজন দক্ষ ব্যবস্থাপক রেখে উৎপাদনশীলতা বৃদ্ধির পরিকল্পনা করেছেন।

ক. উৎপাদন কী? ১

খ. রূপগত উপযোগ বলতে কী বোঝ? ২

গ. উদ্দীপকে আলোচিত সাবিনাস কেয়ার কোন ধরনের উপযোগ সৃষ্টি করেছে? ব্যাখ্যা করো। ৩

ঘ. তুমি কি মনে করো শুধু একজন দক্ষ ব্যবস্থাপক নিয়োগ করলেই সাবিনাস কেয়ার-এর উৎপাদনশীলতা বৃদ্ধি পাবে? যুক্তিসহ আলোচনা করো। ৪

**২.** ▶ জনাব সাকিব রংপুরে একটি পোল্ট্রি ফার্মের মালিক। তিনি নিজেই ফার্মটি দেখাশোনা করেন। তার ফার্মে ২,০০০ মুরগি আছে। সম্প্রতি সাকিবের প্রতিবেশী আর্থিক সংকটের কারণে তার ফার্মটি বিক্রয় করে দেয়। ইচ্ছা থাকলেও পর্যাপ্ত মূলধনের অভাবে সাকিব ফার্মটি কিনতে পারেনি।

ক. ভূমি কী? ১

খ. ব্যবসায় জোট বলতে কী বোঝায়? ২

গ. উদ্দীপকে উল্লিখিত জনাব সাকিবের পোল্ট্রি ফার্মটি কোন ধরনের সংগঠন? ব্যাখ্যা করো। ৩

ঘ. তুমি কি মনে করো মূলধন ব্যবসায় সম্প্রসারণে সহায়ক? যুক্তিসহ আলোচনা করো। ৪

**৩.** ▶ জনাব দেব কুমার ঘোষ সাভারে একটি পোল্ট্রি ফার্ম পরিচালনা করেন। সম্প্রতি তিনি পোল্ট্রি ফার্মের সাথে একটি গাভীর খামার গড়ে তুলেছেন। তিনি নিজের এবং ব্যাংক ঋণ মিলিয়ে প্রায় ২ কোটি টাকা বিনিয়োগ করেছেন। তার ফার্মে ৬০ জন কর্মী নিয়মিতভাবে কাজ করছে। দীর্ঘদিন এ ব্যবসায় করার কারণে তিনি অনেক কিছু শিখে গেছেন। প্রতিটি ক্ষেত্রে তিনি কর্মীদের ভুল-ত্রুটি

TeachingBD24.com

ধরিয়ে দেন এবং কর্মীদের হাতে-কলমে শেখান। এতে তার ফার্মে মুরগি কম মারা যায় এবং মুনাফা বেশি হয়। কিছুদিন পূর্বে পারিবারিক সম্পত্তি বিক্রয় থেকে তিনি ১০ কোটি টাকা পেয়েছেন। এখন তিনি এ টাকা কাজে লাগিয়ে একটি মাংস প্রক্রিয়াকরণ শিল্প গড়ে তুলতে চান। উৎপাদিত মাংস বিদেশে রপ্তানির চিন্তা তার আছে।

ক. সেবার ক্ষেত্রে বৃহৎ শিল্প কী? ১

খ. মূলধনের দিক থেকে ক্ষুদ্র ও বৃহৎ শিল্পের পার্থক্য কী? ২

গ. উদ্দীপকে উল্লিখিত দেব কুমার ঘোষ-এর পোল্ট্রি ফার্ম কোন ধরনের শিল্প? ব্যাখ্যা করো। ৩

ঘ. 'শিল্প সম্প্রসারণে মূলধন সহায়ক' উদ্দীপকের আলোকে উক্তিটির যৌক্তিকতা বিচার করো। ৪

৪.▶ বাংলাদেশ সুগার মিলস লি. একটি বৃহদায়তন চিনি উৎপাদনকারী প্রতিষ্ঠান। এটি নিজস্ব কারখানাতে স্বয়ংক্রিয় পদ্ধতিতে চিনি উৎপাদন করে। এখানে প্রথমে আখ পরিষ্কার করা হয়। এরপর আখ থেকে রস বের করা হয়। পরবর্তী ধাপে রসকে মেশিনে দানাতে পরিণত করা হয়। সবশেষ চিনির ছোট দানা বস্তাতে প্যাকিং হয়ে বের হয়।

ক. স্থির বিন্যাস কি? ১

খ. অফিস বিন্যাসের গোপনীয়তা বলতে কি বোঝ? ২

গ. উদ্দীপকে উল্লিখিত বাংলাদেশ সুগার মিলস লি. কোন পদ্ধতিকে কারখানা বিন্যাস করেছে? ব্যাখ্যা করো। ৩

ঘ. তুমি কি মনে করো বিন্যাসের মাধ্যমে শ্রমশক্তির যথাযথ ব্যবহার করা হয়? উদ্দীপকের আলোকে যুক্তিসহ লেখো। ৪

৫.▶ মিলেনিয়াম ইন্ডাস্ট্রিজ লি. সাভারে একটি কারখানায় চকলেট উৎপাদন করছে। ৫ বছর পূর্বে শুরু হলেও এটি এখন পর্যন্ত এক ধরনের চকলেট উৎপাদন করে। বিক্রয় কমে যাওয়ায় প্রতিষ্ঠানটি এখন বন্ধ হবার উপক্রম হয়েছে।

ক. সেবা কী? ১

খ. মালিকানা পরিবর্তনের ভিত্তিতে দ্রব্য ও সেবার পার্থক্য করো। ২

গ. তোমার মতে উদ্দীপকে উল্লিখিত মিলেনিয়াম ইন্ডাস্ট্রিজ লি. দ্রব্য ও সেবার কোনটি উৎপাদন করছে। ব্যাখ্যা করো। ৩

Teachingbd24.com

ঘ. তুমি কি মনে করো ক্রেতা উপযোগিতার মাধ্যমে প্রতিষ্ঠানটিকে লাভজনক করা সম্ভব? উদ্দীপকের আলোকে যুক্তিসহ লেখো। ৪

৬.▶ আরিফ হোসেন রংপুরে নিজের উৎপাদিত ধান থেকে দেশীয় প্রযুক্তিতে চাল তৈরি করে বিক্রয় করেন। চাহিদা বেড়ে যাওয়ায় তিনি সম্প্রতি নিজের জমিতে একটি অটো রাইস মিল গড়ে তুলেছেন। এখানে যান্ত্রিক পদ্ধতিতে ধান থেকে চাল তৈরি হয়।

ক. প্যাকিং ডিজাইন কী? ১

খ. উৎপাদনের সামর্থ্য বলতে কি বোঝায়? ২

গ. উদ্দীপকের আরিফ হোসেনের অটো রাইস মিল কোন ধরনের পণ্য ডিজাইনের অন্তর্ভুক্ত? ব্যাখ্যা করো। ৩

ঘ. তুমি কি মনে করো আরিফ হোসেনের অটো রাইস মিল গড়ে তোলার সিদ্ধান্ত যৌক্তিক হয়েছে। যুক্তিসহ লেখো। ৪

৭.▶ 'আলফাজ ব্যাটারি লি.' বাংলাদেশের একটি স্বনামধন্য ব্যাটারি প্রস্তুতকারক প্রতিষ্ঠান। দীর্ঘদিন এটি সুনামের সাথে গাড়ির ব্যাটারি উৎপাদন ও বাজারজাতকরণ করছে। সম্প্রতি ব্যাটারির সমস্যার কারণে একটি গাড়ি ক্ষতিগ্রস্ত হয়। এর প্রেক্ষিতে ক্রেতার মামলার কারণে কোম্পানিকে বড় অংকের অর্থ ক্ষতিপূরণ দিতে হয়।

ক. BSTI-এর পূর্ণরূপ কী? ১

খ. অভ্যন্তরীণ ব্যর্থতার ব্যয় বলতে কী বোঝায়? ২

গ. উদ্দীপকে উল্লিখিত প্রতিষ্ঠানটির ক্রেতাকে প্রদত্ত ক্ষতিপূরণ কোন ধরনের ব্যয়? ব্যাখ্যা করো। ৩

ঘ. তুমি কি মনে করো কার্যকর মান ব্যবস্থাপনা ফেরতের হার কমাতে পারে? যুক্তিসহ লেখো। ৪

৮.▶ মডার্ন সুইটস সাভারের একটি মিষ্টি উৎপাদনকারী প্রতিষ্ঠান। এটি দৈনিক সর্বোচ্চ ৩,০০০ কেজি মিষ্টি তৈরি করতে পারে। কিন্তু ২,০০০ কেজির বেশি উৎপাদন করলে বিভিন্ন কারণে এর ব্যয় বেড়ে যায়। সম্প্রতি প্রতিষ্ঠানটি উৎপাদন বৃদ্ধির জন্য বিদ্যমান সুযোগ-সুবিধা বৃদ্ধিসহ ব্যবস্থাপনার দক্ষতা বাড়ানোর উদ্যোগ নিয়েছে।

ক. প্রকৌশলগত উৎপাদন ক্ষমতা কী? ১

https://teachingbd24.com

খ. বর্তমান ব্যবহার বলতে কী বোঝ? ২

গ. উদ্দীপকে উল্লিখিত প্রতিষ্ঠানটির কার্যকর উৎপাদনক্ষমতা কত? ব্যাখ্যা করো। ৩

ঘ. তুমি কি মনে করো উৎপাদনক্ষমতা বৃদ্ধির জন্য বিদ্যমান সুযোগ-সুবিধা বৃদ্ধিসহ ব্যবস্থাপনার ক্ষমতা বাড়ানোর উদ্যোগ যুক্তিসজ্গত? যুক্তিসহ লেখো। ৪

৯. ▶ হাশেম বেপারী সিরাজগঞ্জের একটি দুধ প্রক্রিয়াকরণ কারখানা গড়ে তুলেছেন। তিনি স্থানীয় কৃষকদের কাছ থেকে কমমূল্যে দুধ সংগ্রহ করে ছানা তৈরি করেন। এরপর এসব ছানা ঢাকা ও আশেপাশের বিভিন্ন মিষ্টির দোকানে সরবরাহ করেন।

ক. গুদামজাতকরণ কী? ১

খ. উৎপাদন ক্ষেত্রে সরকারি পৃষ্ঠাপোষকতা বলতে কী বোঝায়? ২

গ. উদ্দীপকের হাশেম বেপরীর সিরাজগঞ্জে দুধ প্রক্রিয়াকরণ কারখানা স্থাপনের কারণ কী? ব্যাখ্যা করো। ৩

ঘ. তুমি কি মনে করো ব্যবসায়ের অবস্থান উৎপাদন ব্যয় কমাতে পারে? যুক্তিসহ লেখো। ৪

১০. ▶ জনাব সুমন পাবনার একজন আলু চাষি। পাবনাতে প্রচুর আলু চাষ হওয়ায় উৎপাদন মৌসুমে আলুর সরবরাহ বেড়ে যায়। এজন্য জনাব সুমন খুব একটা মুনাফা করতে পারেন না। এখন তিনি নিজস্ব জমিতে আলু প্রক্রিয়াকরণ শিল্প স্থাপনের সিদ্ধান্ত নিয়েছেন। এ লক্ষ্যে ব্যাংকে ঋণের আবেদন করলে ব্যাংক ঋণ মঞ্জুর করে।

ক. শিল্প এলাকা কি? ১

খ. 'ব্যবসায়ের অবস্থান বিক্রয় ও মুনাফা বৃদ্ধি করে' —ব্যাখ্যা করো। ২

গ. অর্থসংস্থান ব্যবসার ওপর প্রভাব বিস্তারকারী কোন ধরনের উপাদান? ব্যাখ্যা করো। ৩

ঘ. 'কাঁচামালের সহজলভ্যতা জনাব সুমন-এর পাবনাতে আলু প্রক্রিয়াকরণ কারখানা স্থাপনের সিদ্ধান্ত গ্রহণের কারণ'- তুমি কি বক্তব্যের সাথে একমত? মতামত দাও। ৪

https://teachingbd24.com

## উৎপাদন ব্যবস্থাপনা ও বিপণন: প্রথম পত্র : বহুনির্বাচনি অভীক্ষা

সময়— ৩০ মিনিট পূর্ণমান— ৩০ বিষয় কোড : | ২ | ৮ | ৬ |

*[বিশেষ দ্রষ্টব্য : সরবরাহকৃত বহুনির্বাচনি অভীক্ষার উত্তরপত্রে প্রশ্নের ক্রমিক নম্বরের বিপরীতে প্রদত্ত বর্ণসম্বলিত বৃত্তসমূহ হতে সঠিক/সর্বোৎকৃষ্ট উত্তরের বৃত্তটি বল পয়েন্ট কলম দ্বারা সম্পূর্ণ ভরাট করো। প্রতিটি প্রশ্নের মান ১।]*

**১. নিচের কোনটি জাতীয় আয়ের বহির্ভূত?**
ক) হস্তান্তর পাওনা খ) বিক্রয়
গ) চাহিদা ঘ) ঝুঁকি

**২. পরিবহন কোন ধরনের উপযোগ সৃষ্টি করে?**
ক) রূপগত খ) কালগত
গ) স্বত্বগত ঘ) স্থানগত

**উদ্দীপকটি পড়ো এবং ৩-৫ নং প্রশ্নের উত্তর দাও।**
জলিল একজন মৎস্যজীবী। সে নদী হতে মাছ সংগ্রহ করে শহরে সরবরাহ করে জীবিকা নির্বাহ করে। আরও দুইটি জাল সংগ্রহ করে মাছ সংগ্রহের জন্য কিছু লোক নিয়োগ করল। ফলে তার উপার্জনের পরিমাণ বৃদ্ধি পেল।

**৩. জলিল মাছ সংগ্রহের মাধ্যমে কোন ধরনের উপযোগ সৃষ্টি করেছে?**
ক) সময়গত খ) স্থানগত
গ) রূপগত ঘ) স্বত্বগত

**৪. উদ্দীপকের দৃষ্টিকোণ থেকে জলিলের কার্যক্রমের ফলে—**
ক) বিনিয়োগ বৃদ্ধি পায়
খ) মানবকল্যাণ সাধন হয়
গ) সম্পদের মূল্য বৃদ্ধি পায়
ঘ) কর্মসংস্থান সৃষ্টি হয়

**৫. উৎপাদনশীলতা শব্দটি সর্বপ্রথম কত সালে ব্যবহার করা হয়েছিল?**
ক) ১৭৭৬ খ) ১৭৭৫
গ) ১৭৫৭ ঘ) ১৭৬০

**৬. উৎপাদনের উপাদানসমূহ একত্রিত করেন কে?**
ক) সংগঠক খ) ক্রেতা
গ) ভোক্তা ঘ) সরবরাহকারী

**উদ্দীপকটি পড়ো এবং ৭ ও ৮ নং প্রশ্নের উত্তর দাও।**
মি. নির্জন কলেজের পাশে একটি ফটোস্ট্যাটের দোকান দেন। বর্তমানে চাহিদা থাকায় দোকানে কম্পিউটার স্থাপনের কথা ভাবছেন। এজন্য তার দুই বন্ধুর কাছ থেকে ধার নেওয়ার কথা ভাবছেন।

**৭. বর্তমানে মি. নির্জনের সংগঠনটি কোন ধরনের?**
ক) একমালিকানা খ) অংশীদারি
গ) যৌথ মূলধনী ঘ) যৌথ উদ্যোগ

**৮. মূলধন গঠনের আর্থিক স্তর হলো—**
i. সঞ্চয় সৃষ্টি
ii. সঞ্চয় সংগ্রহ ও ঋণ দান
iii. সঞ্চয়কে মূলধনে রূপান্তর
**নিচের কোনটি সঠিক?**
ক) i ও ii খ) ii ও iii
গ) i ও iii ঘ) i, ii ও iii

**৯. নিট জাতীয় উৎপাদন নির্ণয়ে মোট জাতীয় উৎপাদন থেকে কী বাদ দেওয়া হয়?**
ক) মুনাফা খ) জমির খাজনা
গ) প্রবাসীদের অর্থ ঘ) অবচয়জনিত ব্যয়

**১০. জিএনপি-এর সূত্র কোনটি?**
ক) জিডিপি-সিসিএ
খ) জিডিপি-ডিসি
গ) জিডিপি-এনএনপি
ঘ) সি + আই + জি + (এক্স-এম)

**১১. উৎপাদনশীলতা কত প্রকার?**
ক) ২ খ) ৬
গ) ৪ ঘ) ৫

**১২. উৎপাদনের মাত্রাকে কয়ভাবে ভাগ করা যায়?**
ক) ২ খ) ৩
গ) ৪ ঘ) ৫

**১৩. বাংলাদেশের শিল্পনীতি কত সালের?**
ক) ২০০৯ খ) ২০১০
গ) ২০১১ ঘ) ২০১২

**১৪. আমাদের দেশের বিক্রয় আইন কত সালের?**
ক) ১৯২৮ খ) ১৯৩০
গ) ১৯৩২ ঘ) ১৯৩৪

**১৫. শিল্প পণ্য কত প্রকার?**
ক) ২ খ) ৩
গ) ৪ ঘ) ৫

**১৬. ব্যয়ের দৃষ্টিকোণ থেকে জাতীয় আয় পরিমাপে কোনটি যোগ করা হয়?**
ক) খাজনা খ) মজুরি
গ) মুনাফা
ঘ) আমদানি ও রপ্তানির পার্থক্য

**১৭. শ্রম বিভাগ কত প্রকার?**
ক) ২ খ) ৩
গ) ৪ ঘ) ৫

Teachingbd24.com
https://teachingbd24.com

**উদ্দীপকটি পড়ো এবং ১৮-২০ নং প্রশ্নের উত্তর দাও।**

'ক' দেশ এ ২০১৩-১৪ অর্থ বছরে মোট জাতীয় উৎপাদন ছিল ১,০০০ কোটি ডলার। অবচয় ৫০ কোটি ডলার। পরোক্ষ কর ৬০ কোটি ডলার। সরকার অর্জিত মুনাফা ১২০ কোটি ডলার এবং সরকার ভর্তুকি দিয়েছে ২ কোটি ডলার। বর্তমানে মোট জনসংখ্যা হচ্ছে ১ কোটি। জনসংখ্যা বৃদ্ধির হার ২০%।

**১৮. উদ্দীপকের তথ্যের আলোকে 'ক' দেশের জাতীয় আয় হবে—**

ⓚ ৬৯০ কোটি ডলার
ⓚh ৭৯০ কোটি ডলার
ⓖ ৮৯০ কোটি ডলার
ⓖh ৯৯০ কোটি ডলার

**১৯. জীবনযাত্রার মান নির্ভর করে তা হলো—**

i. জিএনপি
ii. জিডিপি
iii. সিসিএ

**নিচের কোনটি সঠিক?**

ⓚ i ও ii ⓚh ii ও iii
ⓖ i ও iii ⓖh i, ii ও iii

**২০. জাতীয় আয় পরিমাপের পদ্ধতি হলো—**

i. আয় পদ্ধতি
ii. ভোগ পদ্ধতি
iii. ব্যয় পদ্ধতি

**নিচের কোনটি সঠিক?**

ⓚ i ও ii ⓚh ii ও iii
ⓖ i ও iii ⓖh i, ii ও iii

**২১. কোনটি সেবার বৈশিষ্ট্য—**

ⓚ অবিছিন্নতা ⓚh দৃশ্যমানতা
ⓖ স্থিতিশীলতা ⓖh সংরক্ষণশীলতা

**২২. উৎপাদন ব্যবস্থাপনার ইতিহাসে কে সর্বপ্রথম শ্রমবিভাগের ধারণা দেন?**

ⓚ অ্যাডাম স্মিথ ⓚh চার্লস ব্যাবেজ
ⓖ হেনরি এল গ্যান্ট ⓖh গিলব্রেথ দম্পতি

**২৩. সেবার বৈশিষ্ট্য কোনটি?**

ⓚ হস্তান্তরযোগ্য ⓚh দৃশ্যমান
ⓖ অপ্রদর্শনীয় ⓖh মূল্যহীন

**উদ্দীপকটি পড়ো এবং ২৪-২৫ নং প্রশ্নের উত্তর দাও।**

মি. মিলন স্থানীয় বাজার থেকে হলুদ, মরিচসহ মসলা জাতীয় পণ্য সংগ্রহ করে প্রক্রিয়াজাত করেন। তারপর বিভিন্ন ধরনের ক্রেতাদের চাহিদা বিবেচনা করে প্যাকেট ও বাজারজাত করেন। বর্তমানে তার প্রতিষ্ঠানে ১০ জন শ্রমিক নিয়োজিত।

**২৪. উদ্দীপকে উল্লিখিত কাজ কোন ধরনের ব্যবস্থাপনার অন্তর্ভুক্ত?**

ⓚ কর্মী ⓚh ক্রয়
ⓖ বিপণন ⓖh উৎপাদন

**২৫. উদ্দীপকের কর্মকাণ্ডের ফলে—**

i. কর্মসংস্থান বৃদ্ধি হয়
ii. প্রাকৃতিক সম্পদের সদ্ব্যবহার হয়
iii. উৎপাদনশীলতা বৃদ্ধি পায়

**নিচের কোনটি সঠিক?**

ⓚ i ও ii ⓚh i ও iii
ⓖ ii ও iii ⓖh i, ii ও iii

**২৬. প্রতিষ্ঠানের জন্য পণ্য ডিজাইন করে কে?**

ⓚ বিপণন বিভাগ
ⓚh উৎপাদন বিভাগ
ⓖ মার্চেন্ডাইজিং কর্মকর্তা
ⓖh কারিগরি বিভাগ

**২৭. পণ্য ডিজাইন প্রক্রিয়ায় সর্বশেষ ধাপ কোনটি?**

ⓚ ক্রেতা গবেষণা
ⓚh উদ্যোগ গ্রহণ
ⓖ পরীক্ষামূলক উৎপাদন
ⓖh ধারণা উন্নয়ন

**২৮. পণ্য ডিজাইন প্রক্রিয়ার প্রাথমিক স্তর কোনটি?**

ⓚ ধারণা উন্নয়ন ⓚh উদ্যোগ
ⓖ উৎপাদনের সামর্থ্য ⓖh কার্যকারিতা

**২৯. পণ্য ডিজাইনে বিবেচনা করা হয়—**

i. পণ্যের সম্ভাব্য মূল্য
ii. ক্রেতাদের ক্রয় ক্ষমতা
iii. কাঁচামালের ব্যবহার

**নিচের কোনটি সঠিক?**

ⓚ i ও ii ⓚh i ও iii
ⓖ ii ও iii ⓖh i, ii ও iii

**৩০. সার্বিক মান ব্যবস্থাপনা হলো—**

i. অবিরাম উৎকর্ষ সাধন
ii. প্রত্যেককে অন্তর্ভুক্তকরণ
iii. ক্রেতা সন্তুষ্টি

**নিচের কোনটি সঠিক?**

ⓚ i ও ii ⓚh i ও iii
ⓖ ii ও iii ⓖh i, ii ও iii

| | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| ১ | ক | ২ | ঘ | ৩ | খ | ৪ | ঘ | ৫ | ক | ৬ | ক | ৭ | ক | ৮ | ঘ | ৯ | ঘ | ১০ | ঘ | ১১ | খ | ১২ | খ | ১৩ | খ | ১৪ | খ | ১৫ | খ |
| ১৬ | ঘ | ১৭ | খ | ১৮ | খ | ১৯ | ক | ২০ | গ | ২১ | ক | ২২ | ক | ২৩ | গ | ২৪ | ঘ | ২৫ | ঘ | ২৬ | ঘ | ২৭ | গ | ২৮ | খ | ২৯ | ক | ৩০ | ঘ |

Teachingbd24.com